বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

মুখপাত্র

www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১০০

তারিখ: ২৩ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
০৬ এপ্রিল ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: ঈদ-উল-ফিতর ২০২৫ পরবর্তী বিএসইসি'র ঈদ পুনর্মিলনী অনুষ্ঠান এবং পুঁজিবাজার অংশীজনদের সাথে ঈদ শুভেচ্ছা বিনিময় প্রসঙ্গে।**

ঈদ-উল-ফিতর ২০২৫ পরবর্তী প্রথম কর্মদিবস অদ্য ০৬ এপ্রিল ২০২৫ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে বিএসইসি'র ঈদ পুনর্মিলনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। সকাল ১০:০০ ঘটিকায় রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি'র মাল্টিপারপাস হলে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ, কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরী, কমিশনার জনাব মোঃ আলী আকবর ও কমিশনার জনাব জনাব ফারজানা লালারুখ-সহ বিএসইসি'র সকল গ্রেডের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, এবারই প্রথমবারের মত বিএসইসিতে ঈদ পরবর্তী ঈদ পুনর্মিলনী অনুষ্ঠান অনুষ্ঠিত হলো।

ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানের শুরুতে বিএসইসি'র চেয়ারম্যান ও কমিশনার মহোদয়গণ বিএসইসি'র সকল গ্রেডের কর্মকর্তা-কর্মচারীবৃন্দের সাথে ঈদ শুভেচ্ছা বিনিময় করেন। বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এবং বিএসইসি'র নির্বাহী পরিচালক জনাব মোঃ আনোয়ারুল ইসলাম উক্ত অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ উক্ত অনুষ্ঠানে ঈদ-উল-ফিতর ২০২৫ এর নির্বিঘ্ন ও আনন্দময় উদযাপনের কথা উল্লেখ করে এবারের ঈদকে স্বস্তির ঈদ বলে মন্তব্য করেন। তিনি সাম্প্রতিক সময়ে যুক্তরাষ্ট্রের শুল্ক আরোপের বিষয়টি উল্লেখ করেন এবং উক্ত বিষয়ে উত্তরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সর্বতঃ চেষ্টা চলছে বলে উল্লেখ করেন। তিনি সাম্প্রতিক সময়ে রোহিঙ্গাদের পুনর্বাসনে সাফল্যের বিষয়টি দেশের জন্য বিরাট অর্জন ও খুশির সংবাদ বলে উল্লেখ করেন। তিনি দেশ ও দেশের অর্থনীতির মঙ্গল কামনা করেন এবং বিএসইসির সকল কর্মকর্তা-কর্মচারীসহ সকলকে দেশের অর্থনীতি ও কল্যাণে দায়িত্বশীল ভূমিকা পালনের কথা বলেন। এসময় তিনি আগামীতে দেশের পুঁজিবাজার এর সংস্কার কার্যক্রম জোরদার করে পুঁজিবাজারকে আরো শক্তিশালী করা হবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

এছাড়াও বিএসইসি'র চেয়ারম্যান ও কমিশনার মহোদয়গণ দেশের পুঁজিবাজারের অংশীজন প্রতিষ্ঠান ও সংগঠনসমূহের প্রতিনিধিদের সাথে কমিশনের সভা কক্ষে এবং চেয়ারম্যান মহোদয়ের কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ ও ঈদ শুভেচ্ছা বিনিময় করেন। এসময় ঢাকা স্টক এক্সেচেঞ্জ পিএলসি (ডিএসই) এর চেয়ারম্যান জনাব মোঃ মোমিনুল ইসলাম ও ভারপাপ্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব সাত্বিক আহমেদ শাহসহ ডিএসই'র বোর্ড সদস্যগণ, চট্টগ্রাম স্টক এক্সেচেঞ্জ পিএলসি (সিএসই) এর চেয়ারম্যান জনাব একেএম হাবিবুর রহমান ও ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. সাইফুর রহমান মজুমদারসহ সিএসই'র বোর্ড সদস্যগণ, সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল) এর ভারপাপ্ত ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মো. আবদুল মোতালেবসহ সিডিবিএল এর বোর্ড সদস্যগণ, সেন্ট্রাল কাউন্টারপার্টি বাংলাদেশ লিমিটেড (সিসিবিএল) এর চেয়ারম্যান মেজর জেনারেল (অবসরপ্রাপ্ত) মো. ওয়াহিদ উজ জামান (বিএসপি, বার; এনডিসি; এওডাব্লিউসি; পিএসসি; টিই, এলপিআর) ও ভারপাপ্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব আ স ম খায়রুজ্জামানসহ সিসিবিএল এর বোর্ড সদস্যগণ, ডিএসই ব্রোকার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ডিবিএ) এর প্রেসিডেন্ট জনাব সাইফুল ইসলাম, বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স অ্যাসোসিয়েশন (বিএমবিএ) এর প্রেসিডেন্ট জনাব মাজেদা খাতুনসহ ও বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব পাবলিকলি লিস্টেড কোম্পানিজের (বিএপিএলসি) এর সহ-সভাপতি সৈয়দ এম. আলতাফ হোসাইন, বিএসইসি'র গঠিত পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্সের সদস্য বুয়েটের অধ্যাপক জনাব মো. মোস্তফা আকবর ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক জনাব আল আমিন এবং বিএসইসি'র গঠিত তদন্ত কমিটির সদস্য আর্থিক খাত বিশেষজ্ঞ জনাব ইয়াওয়ার সাইদ, এনবিআর এর সাবেক সদস্য জনাব মোঃ শফিকুর রহমান ও ডেপুটি এটর্নি জেনারেল ব্যারিস্টার জনাব মোঃ জিশান হায়দারসহ দেশের পুঁজিবাজার সংশ্লিষ্ট অংশীজনদের আরো অনেকে উপস্থিত ছিলেন।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

মো. মোহাইমিনুল হক
জনসংযোগ কর্মকর্তা ও সহকারী মুখপাত্র


ঈদ মোবারক







